

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd



৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-৩২২

তারিখঃ ১৯.০৪.২০২০খ্রি.

বিষয়ঃ করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের আবাসনের ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে করোনা সংক্রমণ প্রতিরোধে ও নিয়ন্ত্রণে সরকার কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গৃহীত হয়েছে এবং হচ্ছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলেই নিরলসভাবে তাঁদের দায়িত্ব পালন করছেন। বিশেষভাবে উল্লেখ্য, করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের স্বাস্থ্য সুরক্ষা তথা সজ্ঞানিরোধ নিশ্চিতকরণের অনিবার্য প্রয়োজনে পারিবারিক সদস্যদের সাথে নিজ বাসস্থানে অবস্থান করে চিকিৎসার কাজে নিয়োজিত থাকা সমীচীন হবে না বিধায় তাঁদের জন্য সামাজিক দূরত্ব বজায় রেখে ভিন্ন কোন স্থানে অবস্থানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ


(ক) সরকারি/আধা-সরকারি/বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান, রেস্ট হাউজ, হোস্টেল ইত্যাদি স্থানে করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের আবাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) উক্ত প্রতিষ্ঠানসমূহ পাওয়া না গেলে/স্থান সংকুলান না হলে হোটেলে মালিক/কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক ভাড়া, খাওয়া ও সার্বিক ব্যয়ের বিষয়ে একটি চুক্তি করে হোটেলে আবাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবাসনের ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য বিষয়ঃ

(ক) জেলা প্রশাসকগণ করোনা সংক্রমণ প্রতিরোধে গঠিত কমিটি, স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ) এবং সংশ্লিষ্ট হাসপাতালের পরিচালক/তত্ত্বাবধায়কের সাথে আলোচনাক্রমে সরকারি/বেসরকারি আবাসিক ভবন/প্রশিক্ষণ কেন্দ্র/হোটেলের ব্যবস্থা গ্রহণ করবেন।

(খ) ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত তথ্যাদি জনাব তপন কুমার বিশ্বাস, যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ এর নিকট প্রেরণ করবেন (মোবাইল: ০১৭১১-১৯৬৭৪১, E-mail: per@hds.gov.bd, tapanbswas6442@gamil.com)।


(শামীমা নাসরীন)
উপসচিব (পার-১)
ফোনঃ ৯৫৭৭৯৮৪

e-mail: per1@hds.gov.bd

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৬. মহাপরিচালক, জাতীয় গোয়েন্দা সংস্থা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৮. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৯. বিভাগীয় কমিশনার (সকল)।
১০. উপ মহাপুলিশ পরিদর্শক (সকল)
১১. পুলিশ কমিশনার (সকল)
১২. যুগ্মসচিব (প্রশাসন/পার/বাজেট/উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৫. পরিচালক (সকল), কোভিড-১৯ এর জন্য ডেডিকেটেড হাসপাতালসমূহ।
১৬. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)
১৭. পুলিশ সুপার (সকল)
১৮. সিভিল সার্জন (সকল)
১৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২১. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।